৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, শ্রীবরদী, সভায় জানান যে, কাবিখা ও টিআর প্রকল্পের আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের অনুকূলে বরাদ্দকৃত (৭ম, ৮ম ও ৯ম) প্রকল্পের অনুমোদন পাওয়া গেছে। অর্থ ছাড় করার প্রক্রিয়া চলমান রয়েছে। উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দের প্রকল্প তালিকা চেয়ে পত্র প্রদান করা হয়েছে। এছাড়া তার অফিসের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দের বিপরীতে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে দ্রুত প্রকল্প দাখিল করতে হবে। | ১। চেয়ারম্যান, সকল ইউপি, শ্রীবরদী।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, শ্রীবরদী। |

৭। সমাজসেবা অধিদপ্তর :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| উপজেলা সমাজসেবা অফিসার, শ্রীবরদী, সভায় জানান যে, আগামী ১৪-২১ ডিসেম্বর "সুদমুক্ত ক্ষুদ্র ঋণ জাগরণী" সপ্তাহ পালিত হবে। অনাদায়ী ঋণ আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | ঋণ আদায়ে সকলকে সহযোগিতা করতে হবে। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, শ্রীবরদী।<br>২। সংশ্লিষ্ট সকল। |

৮। প্রাথমিক শিক্ষা বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| উপজেলা শিক্ষা অফিসার, শ্রীবরদী, সভায় জানান যে, প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের মাঝে বিতরণের জন্য ইতিমধ্যে ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেনীর শতভাগ পাঠ্যপুস্তক পাওয়া গেছে। প্রাক-প্রাথমিক শ্রেণির খাতা পাওয়া গেছে। প্রাক-প্রাথমিক, ১ম ও ২য় শ্রেণির পাঠ্য পুস্তক এখনও পাওয়া যায়নি। যে সকল বিদ্যালয় ইউনিয়ন পরিষদ নির্বাচনের ভোট গ্রহণ কেন্দ্র হিসাবে ব্যবহৃত হবে না সে সকল বিদ্যালয়ে ডিসেম্বরের মাঝামাঝি এবং ভোট কেন্দ্র বিদ্যালয়গুলোতে ভোট গ্রহণের পর বই বিতরণ করা হবে। এছাড়া তাঁর অফিসরে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। স্বাস্থ্য বিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে।<br>২। বিদ্যালয় এবং প্রাঙ্গন পরিচ্ছন্ন রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, শ্রীবরদী |

৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীবরদী, সভায় জানান যে, ব্যানবেইস কর্তৃক সারাদেশে ১৬০ টি UITRCE এর বহুতল ভবণ নির্মাণ হবে। শ্রীবরদীতে UITRCE এর বহুতল ভবণ নির্মাণের জন্য ভূমি হস্তান্তর, সয়েল টেস্ট সম্পন্ন হয়েছে। ডিসেম্বরে কাজ শুরু হতে পারে। প্রতিষ্ঠান পর্যায়ে বই বিতরণ করা হচ্ছে। ইউনিয়ন পরিষদ নির্বাচনে রিটার্নিং অফিসার হিসাবে সকলের সহযোগিতা কামনা করেন। আগামী ২ ডিসেম্বর থেকে এইচএসসি, আলিম, ভোকেশনাল পরীক্ষা শুরু হবে। নকলমুক্ত, সুষ্ঠ পরিবেশে পরীক্ষা গ্রহণে তিনি সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। | ১। স্বাস্থ্য বিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে।<br>২। এইচএসসি, আলিম, ভোকেশনাল পরীক্ষা নকলমুক্ত, সুষ্ঠ পরিবেশে অনুষ্ঠানে যথাযথ পদক্ষেপ নিতে হবে।.<br>বিদ্যালয় এবং প্রাঙ্গন পরিচ্ছন্ন রাখতে হবে। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীবরদী।<br>২। সংশ্লিষ্ট সকল। |

১০। যুব উন্নয়ন অধিদপ্তর:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| শ্রীবরদী উপজেলা যুব উন্নয়ন অফিসার, শ্রীবরদী, সভায় জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে অত্র অধিদপ্তরের বর্ষপুঞ্জি মোতাবেক ০৩ টি প্রশিক্ষণ কোর্স (৩০ জন) সম্পন্ন করা হয়েছে এবং ০১ টি ব্যাচ এর প্রশিক্ষণ চলমান আছে। প্রশিক্ষণপ্রাপ্ত প্রকল্প গ্রহণকারী যুব ও যুবনারীদের মধ্যে যুব ঋণ বিতরণ করা হচ্ছে। প্রশিক্ষণপ্রাপ্ত বেকার যুব ও যুবনারীদের প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগিয়ে আত্নকর্মসংস্থানমূলক কর্মকান্ডে নিয়োজিত হওয়ার জন্য উদ্বুদ্ধ করা হচ্ছে। খেলাপী ঋণ আদায়ে তৎপরতা জোরদার করা হয়েছে। | ১। স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ প্রদান কার্যকর করতে হবে।<br>২। ঋণ বিতরণ ও আদায় যথাযথ হতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, শ্রীবরদী। |

১১। মহিলা বিষয়ক অধিদপ্তর :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| উপজেলা মহিলা বিষয়ক অফিসার, শ্রীবরদী, সভায় অনুপস্থিত ও কার্যপত্র প্রেরণ না করায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | কার্যপত্র প্রেরণসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শ্রীবরদী। |

১২। পরিবার পরিকল্পনা বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, শ্রীবরদী সভায় জানান যে, জন্ম নিয়ন্ত্রণ সকল পদ্ধতির লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে মাঠ পর্যায়ে (FWC) তে স্থায়ী দীর্ঘ মেয়াদী ক্যাম্পের আয়োজন করা হচ্ছে। আগামী ডিসেম্বর/২১ মাসে ১৮-২৩ তারিখ পর্যন্ত সেবা সপ্তাহ অনুষ্ঠিত হবে। প্রাতিষ্ঠানিক প্রসব বৃদ্ধির জন্য মাঠ পর্যায়ে জোর তাগিদ প্রদান করা হয়েছে। এছাড়া তাঁর অফিসের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার বৃদ্ধি করতে হবে।<br>২। আশ্রয়ন প্রকল্পে পরিবার পরিকল্পনা কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করতে হবে।<br>৩। প্রাতিষ্ঠানিক প্রসব বৃদ্ধি করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, শ্রীবরদী। |

১৩। উপজেলা নির্বাচন অফিস :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| উপজেলা নির্বাচন অফিসার, শ্রীবরদী, সভায় জানান যে, উপজেলার ১০ টি ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষ্যে নির্বাচনী কার্যক্রম চলমান রয়েছে। নির্বাচনী তফসিল ঘোষণার পর থেকে জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত কার্যক্রম বন্ধ রয়েছে। | ইউনিয়ন পরিষদ নির্বাচন অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু করতে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার, শ্রীবরদী। |

চলমান পাতা-০৩



Scanned with CamScanner

